Gmail Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: পথে প্রান্তরে

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Wed, Jan 29, 2025 at 10:34 AM
To: ucaliptas909@gmail.com

পথে প্রান্তরে

তাফিফ বিন জামিল

সোনালী রোদ এসে নামলো অরণ্যের গায়,
দূরের আকাশে নীলিমার কোলে সাদা মেঘ ঘুমায়।
শালবনের তীর ঘেঁষে আছড়ে পড়ে—
নদীর কূলে ঢেউ। পথের ধারে;
শতাব্দীর পুরনো ভাঙা বটগাছে—
ক্লান্ত বাবুই আর শালিক বসে আছে।

পাখিরা কুয়াশা ভেঙে ডাকে উষার কণ্ঠে,
গভীর গহন গানে যেনো সময়ের মন্ত্রে।
গাছের ঝরা পাতা উড়ে যায় দূর দূরান্তরে—
বার্তা সে নিয়ে যায় সাহারার প্রান্তরে।
অন্ধকারে ঝোঁপের মাথায় জ্বলে ওঠে—
জোনাকির আলো; শিহর জাগে তার ঠোঁটে।

এ পথে প্রান্তরে স্মৃতি কত মিশে আছে,
কালবোশেখীর ঝড় আচ্ছন্ন হয়ে আছে— কোথাও কাছে।
গাছের ছায়ায় গত হয়েছে দিনের অলস প্রহর,
যার সন্ধান মেলেনি এখনো, কাটে নি তার ঘোর।
মাটি চেনে না যেনো ক্লান্তি কখনো কোনো,
শুধু জেগে থাকে, অবকাশ নেই তার একটা দিনও।
জীবনে গানের সুরে বাঁধা, চলার অচেনা বাঁক—
আমি সেথায় বাঁধবো ঘর, সময় সেখানেই আটকে যাক।

পথে-প্রান্তরে বাতাসে বুনো ফুলের গন্ধ ভাসে,
কেউ জানে না–সে গন্ধ কোথা থেকে আসে।
পৃথিবীর বুকজুড়ে ছড়ায় সে মৌনতার উষ্ণ,
এখানে পথের সাথে মিশে থাকে কালের প্রশ্ন।

রচনাকাল: ০৭ চৈত্র ১৪২৮।